- ✅ সোশ্যাল শেয়ারিং: সোশ্যাল শেয়ারিং (Social Sharing) মানে হলো আপনার কনটেন্ট (যেমন ব্লগ পোস্ট, ভিডিও, প্রোডাক্ট, সার্ভিস) ফেসবুক, লিংকডইন, টুইটার, পিন্টারেস্ট, ইত্যাদিতে শেয়ার করা, যাতে বেশি মানুষ দেখে, ক্লিক করে এবং গুগল বুঝতে পারে এই কনটেন্টটা জনপ্রিয়।

- ✅ Quora/Reddit মন্তব্য: কেউ প্রশ্ন করল —"কিভাবে সাস্থ ভালো রাখবো?" আপনি উত্তর দিলেন এবং নিজের পোস্টের লিংক শেয়ার করলেন।

এইখানে একদম ব্যাসিক কিছু ব্যাকলিঙ্ক নিয়ে আমরা কথা বলছে তবে এগুলা ছাড়াও কিছু গুরত্বপূর্ণ ব্যাকলিঙ্ক রয়েছে যারা আপনার ব্লগকে সরাসরি র‍্যাংক এ নিয়ে আসতে সহয়তা করবে। যেমনঃ-

১/ ব্লগ কমেন্টিংঃ আপনি আপনার নিশ অনুযায়ী কোন একটা ব্লগ এ যেয়ে তার ব্লগ পোস্ট সম্পর্কে কিছু বলবেন এবং নিজের ব্লগ সম্পর্কে একটি লিংক দিয়ে জানিয়ে আসবেন। তবে অব্যশই মাথায় রাখবেন যাতে আপনার বলা কথা গুলো রিলেভেন্স মেইন্টেইন করে মানে আপনি আপনার লাভের জন্যই আসছেন তা তাকে বুঝতে দেওয়া যাবে না।

সার্চ ট্রামঃ কিভাবে খুজে বের করবেন

[your niche] "leave a comment"

[your niche] "post a comment"

[your niche] "comments are closed"

[your niche] "you must be logged in to post a comment"

[your niche] "powered by WordPress"

[your niche] "add new comment"

[your niche] "reply to comment"

[your niche] "login to comment"

[your niche] inurl:/blog/ intext:Leave a Comment

[your niche] intitle:"blog" + "post a comment"

উদাহরণঃ Digital Marketing "Leave a Comment"

২। সোস্যাল বোকমার্কিংঃ সোশ্যাল বুকমার্কিং (Social Bookmarking) হলো এমন একটি SEO কৌশল যেখানে আপনি বিভিন্ন সোশ্যাল বুকমার্কিং সাইটে আপনার ওয়েবসাইটের পেজ, আর্টিকেল বা লিংক শেয়ার করেন, যাতে সার্চ ইঞ্জিন এবং মানুষ দুজনেই সহজে সেই কনটেন্ট খুঁজে পায়।

৩। ফোরাম ব্যাকলিঙ্কঃ ফোরাম ব্যাকলিঙ্ক (Forum Backlink) মানে হলো—বিভিন্ন ফোরামে (যেমন Quora, Reddit, বা নির্দিষ্ট নিস ভিত্তিক ফোরাম) গিয়ে প্রশ্নের উত্তর দেওয়া, আলোচনায় অংশ নেওয়া, এবং নিজের ওয়েবসাইটের লিংক শেয়ার করা। এটি একটি জনপ্রিয় ও সহজলভ্য off-page SEO কৌশল। এই লিঙ্ক নেওয়ার জন্য অব্যশই আপনাকে ফোরামের গাইডলাইন পড়ে নিতে হবে নতুবা আপনার ফোরাম একাউন্ট ডিসোবঅল হয়ে যাবে।

সার্চ টার্মঃ কিভাবে খুজে বের করবেন

[your niche] + forum

[your keyword] + “discussion board”

[your keyword] + “community”

উদাহরণ: digital marketing + forum

৪। গেস্ট পোস্ট ব্যাকলিঙ্কঃ গেস্ট পোস্ট ব্যাকলিঙ্ক বলতে আপনি একজন গেস্ট হয়ে অন্য কার ব্লগে পোস্ট করবেন এবং সেই পোস্ট থেকে আপনার ব্লগের জন্য ব্যাকলিঙ্ক নিবেন। এটা একদম White-Hat SEO টেকনিক এবং Google-এর কাছে সবচেয়ে বিশ্বাসযোগ্য ব্যাকলিঙ্কের সোর্স।

সার্চ টার্মঃ কিভাবে খুজে বের করবেন

write for us + [your niche]

guest post guidelines + [your topic]

উদাহরণ: write for us + digital marketing

আশা করি ব্যাকলিংক নিয়ে আপনারা একটা ভালো ধারনা পেয়েছেন তবে আমি আগেই বলেছি এর পরিধী অনেক বড় যতোটুকু সম্ভব আপনাদের মাঝে তুলে ধরেছি যাতে আপনাদের বুঝতে অসুবিদে না হয়।

টেকনিক্যাল SEO (Technical SEO) মানে হলো আপনার ওয়েবসাইটের সেইসব টেকনিক্যাল দিকগুলো ঠিক করা, যাতে সার্চ ইঞ্জিন (যেমন Google) সহজে আপনার সাইটকে ক্রল করতে পারে, ইনডেক্স করতে পারে, এবং বুঝতে পারে।

সহজভাবে বললে:
টেকনিক্যাল SEO মানে হলো – ওয়েবসাইটের ভিতরের কাজ ঠিক করা যাতে সার্চ ইঞ্জিন আপনার সাইটকে ভালভাবে দেখতে পারে।

উদাহরণ দিয়ে বলি:
আপনাদের বুঝানোর জন্য আরো একটু সহজ ভাবে বলি ধরুন আপনার সাইট যদি একটা দোকান হয়, তাহলে টেকনিক্যাল SEO মানে হলো –

- দরজাটা ঠিক আছে কিনা (সাইট ওপেন হয় ঠিকঠাক),
- দোকানের ভেতর ঢুকে সব কিছু খুঁজে পাওয়া যায় কিনা (নেভিগেশন/ইউআরএল),
- দোকানটা পরিষ্কার এবং গতি ভালো কিনা (স্পিড অপটিমাইজেশন),
- অন্ধকার না যেন Google বট দেখে বুঝতে পারে (XML Sitemap, Robots.txt),
- ভেতরের রাস্তা গুলো ভুল না হয় (ব্রোকেন লিঙ্ক ফিক্স করা)।

টেকনিক্যাল SEO-র কিছু গুরুত্বপূর্ণ কাজ:

- Website Speed Optimization
- ওয়েবসাইট দ্রুত লোড হচ্ছে কিনা
- Mobile-Friendly Design
- মোবাইল থেকে ভিজিট করলে ঠিকমতো দেখা যাচ্ছে কিনা
- SSL Certificate (HTTPS)
- সাইট সিকিউর আছে কিনা (Google এটা র‍্যাঙ্কিং ফ্যাক্টর ধরে)
- XML Sitemap
- Google কে বোঝানো, কোন কোন পেইজ ইনডেক্স করা উচিত
- Robots.txt
- Google কে বলে দেওয়া কোন পেইজ দেখা যাবে না
- Canonical Tags

- ডুপ্লিকেট কনটেন্ট থাকলে কোনটা আসল সেটা বোঝানো
- Structured Data (Schema Markup)
- Google কে অতিরিক্ত তথ্য দেওয়া যেন Rich Snippet দেখায়
- Fixing Broken Links
- 404 পেইজ ঠিক করা
- Internal Linking Structure
- কোন পেইজ কোনটার সাথে লিংক আছে সেটা গুছানো
- আসুন প্রত্যাকটি কাজ কেন করা হবে এবং কিভাবে করা হছে বিস্তারিত দেখে নেই।

✅ 1. Website Speed Optimization (ওয়েবসাইট দ্রুত লোড হচ্ছে কিনা)

কেন দরকার?

একটা ছোট্ট লোডিং টাইম, কিন্তু বিশাল ক্ষতি! তার অন্যতম উদাহরণ ছিলো Amazon.

২০০৬ সালে Amazon একটা স্টাডি করে দেখায়, যদি ওয়েবসাইট লোড হতে ১০০ মিলিসেকেন্ড (মানে এক সেকেন্ডের দশভাগের একভাগ) বেশি সময় লাগে, তাহলে তাদের সেলস ১% কমে যায়।

ভাবুন তো, শুধু ১০০ms দেরিতে পেজ খুললো, আর তাতে ১% রেভিনিউ চলে গেলো!

২০০৬ সালে এর মানে ছিলো প্রায় ১০৭ মিলিয়ন ডলার লোকসান। আর আজকের হিসাবে সেটা দাঁড়ায় ৩.৮ বিলিয়ন ডলার! ভাবতে পারেন একটা ১ সেকেন্ড এর ও কম সময়ের মূল্য কতোটুকু।

তাই Slow website মানেই visitor চলে যাবে।
Google-এর মতে, ৩ সেকেন্ডের বেশি লোড টাইম হলে অনেক ইউজার সাইট থেকে বেড়িয়ে যায়। এটা bounce rate বাড়ায় এবং ranking কমে যায়।
যা করতে হবে:

- Image compress করুন
- Lazy loading ব্যবহার করুন
- Unused JS/CSS minimize করুন
- Caching ব্যবহার করুন (e.g., LiteSpeed Cache)

CDN ব্যবহার করুন (Cloudflare বা BunnyCDN)

✅ 2. Mobile-Friendly Design (মোবাইল থেকে ভিজিট করলে ঠিকমতো দেখা যাচ্ছে কিনা)
কেন দরকার?
Google এখন Mobile-first indexing করে। মানে সাইটের মোবাইল ভার্সনটা আগে দেখে। মোবাইলে ঠিকমতো না দেখালে র‍্যাঙ্ক কমে যাবে।

যা করতে হবে:

- Responsive design ব্যবহার করুন
- টেক্সট ছোট না হয় যেনো
- বাটন/লিংক মোবাইলে ট্যাপ করতে সুবিধা হয়

✅ 3. SSL Certificate (HTTPS)

কেন দরকার?

HTTPS মানে সাইটে তথ্য আদান-প্রদান সুরক্ষিত।
Google এটা একটি র‍্যাঙ্কিং ফ্যাক্টর হিসেবে দেখে।
HTTP সাইটে "Not Secure" দেখায়, যা visitor-এর বিশ্বাস কমায়।

যা করতে হবে:

- SSL certificate ইনস্টল করুন (Let’s Encrypt ফ্রি)

সব পেইজ HTTPS-এ redirect করুন

✅ 4. XML Sitemap

কেন দরকার?

এটা Google কে বলে দেয় কোন কোন পেইজ সাইটে আছে এবং কোনটা আগে index করা উচিত। এটাকে SEO-এর জন্য roadmap বলা যায়।

যা করতে হবে:

- Yoast বা RankMath plugin দিয়ে XML Sitemap তৈরি করুন
- Google Search Console-এ সাবমিট করুন

✅ 5. Robots.txt

কেন দরকার?

সব পেইজ Google-কে দেখাতে হয় না। কিছু পেইজ যেমন admin panel, cart page—এসব block করে রাখাই ভালো।

যা করতে হবে:

- robots.txt ফাইলে Disallow: দিয়ে প্রয়োজনীয় পাথ ব্লক করুন

ভুল করে important পেইজ block করে ফেলবেন না

✅ 6. Canonical Tags

কেন দরকার?

একই content যদি একাধিক URL-এ থাকে, Google বিভ্রান্ত হয়। Canonical tag দিয়ে বোঝানো হয় কোনটা আসল পেইজ।

যা করতে হবে:

- ডুপ্লিকেট কনটেন্ট থাকলে canonical tag দিয়ে মূল URL দেখিয়ে দিন
- WordPress SEO plugin দিয়ে সহজে বসানো যায়

✅ 7. Structured Data (Schema Markup)

কেন দরকার?

Google বুঝতে পারে এই পেইজে কী আছে। যেমন Product, Review, FAQ ইত্যাদি। এতে Rich Snippets দেখা যায়, যা CTR বাড়ায়।

যা করতে হবে:

- JSON-LD format ব্যবহার করুন
- FAQ, Review, Product-এর জন্য Schema বসান

Google’s Rich Results Test দিয়ে চেক করুন

✅ 6. Canonical Tags

কেন দরকার?

একই content যদি একাধিক URL-এ থাকে, Google বিভ্রান্ত হয়। Canonical tag দিয়ে বোঝানো হয় কোনটা আসল পেইজ।

যা করতে হবে:

- ডুপ্লিকেট কনটেন্ট থাকলে canonical tag দিয়ে মূল URL দেখিয়ে দিন
- WordPress SEO plugin দিয়ে সহজে বসানো যায়

✅ 7. Structured Data (Schema Markup)

কেন দরকার?

Google বুঝতে পারে এই পেইজে কী আছে। যেমন Product, Review, FAQ ইত্যাদি। এতে Rich Snippets দেখা যায়, যা CTR বাড়ায়।

যা করতে হবে:

- JSON-LD format ব্যবহার করুন
- FAQ, Review, Product-এর জন্য Schema বসান
- Google’s Rich Results Test দিয়ে চেক করুন

✅ 8. Fixing Broken Links (404 পেইজ ঠিক করা)

কেন দরকার?

404 পেইজ মানে পেইজ মিলে নাই বা কোনোভাবে ডিলিট হয়ে গেছে। সার্চ ইঞ্জিনে Bad User Experience হিসেবে গণ্য হয়। SEO-তে খারাপ প্রভাব পড়ে।

যা করতে হবে:

- Google Search Console বা Broken Link Checker দিয়ে broken URL খুঁজুন

সেগুলো redirect করুন (301 redirect)

✅ 9. Internal Linking Structure (পেইজগুলো একে অপরের সাথে যুক্ত কিনা)

কেন দরকার?

Internal linking দিয়ে Google বুঝে কোন পেইজ বেশি গুরুত্বপূর্ণ। এছাড়া ইউজাররা এক পেইজ থেকে অন্য পেইজে সহজে যেতে পারে।

যা করতে হবে:

- প্রতিটি ব্লগে অন্য রিলেটেড ব্লগের লিংক দিন
- Anchor text প্রাসঙ্গিক রাখুন
- Homepage থেকে গুরুত্বপূর্ণ পেইজে লিংক রাখুন

এইসব কাজগুলো ঠিকমতো করলে Google আপনার ওয়েবসাইটকে সহজে বুঝতে পারবে, দ্রুত ইনডেক্স করবে এবং ভালোভাবে র‍্যাঙ্ক দেবে।

সংক্ষেপে:
Technical SEO হলো ওয়েবসাইটের ব্যাকেন্ডের "গুছানো কাজ", যাতে সার্চ ইঞ্জিন সহজে আপনার সাইট বুঝতে পারে, স্ক্যান করতে পারে, এবং ভালোভাবে র‍্যাঙ্ক দিতে পারে।

আশা করি আপনাদের টেকনিক্যাল এসইও সম্পর্কে একটি মুটামুটি ধারণা আমি দিতে পেরেছি। আপনারা যখন প্র্যাকটিক্যালি করবেন তখন আরো ভালো ভাবে বিষয়গুলো বুঝতে পারবেন।

সবচেয়ে মজার ব্যাপার হলো, আপনি ভালো মানের হোস্টিং নিলে এবং প্রপারলি সাইট সেটআপ করলে ৮০% টেকনিক্যাল এসইও অটোমেটিক্যালি হয়ে যাবে সো এগুলা নিয়ে অত টেনশন এর কিছু নেই।

একটি ব্লগ মনিটাইজ আপনি নানান ভাবে করতে পারবেন তবে আপনি যেই ভাবেই মনিটাইজ করেন না কেন আপনাকে মাথায় রাখতে হবে আপনার ব্লগে নিয়মিত কিছু ভিজিটর আসছে কিনা।

ধরুন আপনি আপনার ব্লগটি এডসেন্স দ্বারা মনিটাইজ করলেন কিন্তু আপনার সাইটে তেমন ভিজিটর নেই সেক্ষেত্রে আপনার ইনকাম হবে না এটাই স্বাভাবিক তাই অব্যশই নূন্যতম কিছু ভিজিটর রেগুলার পাওয়ার পর মনিটাইজেশন এর চিন্তা করুন।

আসুন দেখি আমরা কি কি মাধ্যমে আমাদের সাইট থেকে ইনকাম জেনারেট করতে পারি।
আমরা ৩টি মাধ্যম নিয়ে আলচনা করবো যার মাধ্যমে আমরা ব্লগ থেকে ইনকাম জেনারেট করতে পারি।

১। এডসেন্সঃ

Google AdSense হলো গুগলের একটি advertising network, যেটা ওয়েবসাইট মালিকদের তাদের সাইটে বিজ্ঞাপন দেখিয়ে আয় করার সুযোগ দেয়। আপনি জানলে অবাক হবেন যে প্রায় ৩৮ মিলিয়ন ব্লগ সাইট গুগল এডসেন্স ব্যাবহার করে।

সার্চ করুন “how many website using adsense” আশা করি উত্তর পেয়ে গেছেন। এটি একটি অনত্যম আলোচিত মাধ্যম ইনকাম সোর্স এর জন্য।

✅ কিভাবে AdSense অ্যাপ্রুভাল পাওয়া যায়? (Full Step-by-Step Guide)

এডসেন্স এপ্রোভাল এর জন্য আপনার সর্বপ্রথম দরকার একটি ওয়েবসাইট যা দেখতে একটি প্রফেশনাল সাইট মনে হবে।

সব সময় একটি বিষয় মাথায় রাখবেন গুগোল কে সর্বদা বুঝানোর চেষ্টা করুন আপনি একজন অভিজ্ঞ মানুষ এবং তার জন্য এই কাজ গুলো করুনঃ-

ওয়েবসাইট বা ব্লগ

- নিজস্ব ডোমেইন ব্যবহার করুন (যেমন: yourname.com)
- Fast, mobile responsive design দিন
- SSL (HTTPS) এক্টিভ করুন – Google নিরাপদ সাইট পছন্দ করে
- ডিজাইন যেন clean হয়, pop-up বা flashy না হয়

ইউনিক এবং মানসম্মত কনটেন্ট লিখুন

Content is King AdSense এর approval-এর ক্ষেত্রে এটা সবচেয়ে গুরুত্বপূর্ণ।

- অন্তত ১৫-২০টি ইউনিক ও কোয়ালিটি ব্লগ পোস্ট রাখু
- প্রতিটি পোস্টে ৯০০–১৫০০ শব্দ থাকা উচিত (ব্লগ লেন্থ)
- কোনো প্রকার কপি-পেস্ট না করুন (অন্য কারো কন্টেন ব্যাবহার করা থেকে বিরত থাকুন।
- বানান ও গঠন যেন ঠিক থাকে (অব্যশই বানান চেক করুন, আপনি grammarly extension ব্যাবহার করুন বানান চেক করার জন্য)
- পোস্টে Headings, Bullet points, এবং relevant image রাখুন কপি ইমেজ ব্যাবহার না করে Canva দিয়ে ইমেজ ডিজাইন করে ব্যাবহার করুন।

AI tool দিয়ে লেখলেও অবশ্যই ম্যানুয়ালি এডিট করুন যেন লেখা দেখে মনে হয় একজন মানুষই লিখেছে।

ওয়েবসাইটের প্রয়োজনীয় পেজ তৈরি করুন
Google দেখে আপনি সিরিয়াস কিনা আপনার সাইটে কি আছে না আছে গুগোল এর রবোট তা চেক করেই আপনাকে আপ্রোভাল দিবে তাই নিচের পেজগুলো অবশ্যই থাকতে হবে আপনার ওয়েবসাইটেঃ-

1. ✅ About Us
2. ✅ Contact Us
3. ✅ Privacy Policy
4. ✅ Disclaimer
5. ✅ Terms & Conditions (Optional)

এই পেইজগুলো কিভাবে বানাবেন তার জন্য আপনারা প্রথমেই দেখুন আপনার নিশে যারা কাজ করছে তারা কিভাবে এই পেইজগুলো বানিয়েছে। এবং অব্যশই তাদের দেখুন যারা ইত্যিমধ্যে এডসেন্স এপ্রোভাল পেয়েছে। আপনি শুধু তাদের থেকে একটা আইডিয়া নিবেন কখনই তাদের থেকে কপি পেস্ট করতে যাবেন না। নিজের ভাবনা থেকে নিজের মতো করে বানিয়ে নিন আপনার ব্লগের এই গুরুত্বপূর্ণ পেইজগুলো।

ওয়েবসাইটে Navigation এবং UI ঠিক করুন

এডসেন্স এপ্রোভাল পাওয়ার জন্য ওয়েবসাইট নেভিগেশন গুরত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে কেনন যখন গুগোল এর রবোট আপনার সাইট ভিজিট করতে যাবে তখন যদি সে সহজেই এক পেইজ থেকে অন্য পেইজে না যেতে পারে তাহলে সে সেই সাইটকে রিজেক্ট করে দেয় যার জন্য এই স্টেপ খুবই গুরুত্বপূর্ণ। দেখে নিন কি কি প্রয়োজনঃ-

- হোমপেজ থেকে সব পেজে সহজে যাওয়া যায় কিনা দেখুন
- Category, Menu Bar যেন পরিষ্কারভাবে থাকে
- Broken link, under construction কিছু না থাকে
- Sidebar ও footer অংশে গুছানো তথ্য দিন

একটি Gmail দিয়ে Google AdSense অ্যাকাউন্ট তৈরি করুন

- https://www.google.com/adsense/start/ এই লিংকে যান
- Gmail দিয়ে Sign up করুন
- আপনার ওয়েবসাইটের নাম দিন
- Country সিলেক্ট করুন এবং Terms accept করুন

AdSense কোড ওয়েবসাইটে বসান

Google আপনাকে একটি HTML কোড দেবে। এটা আপনাকে ওয়েবসাইটের <head> সেকশনে বসাতে হবে।

WordPress ব্যবহার করলে → "Insert Headers and Footers" plugin ব্যবহার করে এটি করতে পারবেন।

নিচে একটি ভিডিওতে কিভাবে একটি ইমেইল থেকে একাউন্ট খুলে ব্লগ এড করে কিভাবে কোড বসাতে হবে আপনারা তা দেখতে পাবেন।

ভিডিওটি Affpilot Academy পেইড কোর্সে আপলোড করা আছে। আপনি যদি কোর্সে এনরোল করে থাকেন তাহলে ভিডিওটি দেখে নিন।

রিভিউ ও অপেক্ষা

AdSense টিম আপনার সাইট রিভিউ করে দেখে:

- কনটেন্ট কেমন?
- ওয়েবসাইটে ইউজার এক্সপেরিয়েন্স কেমন?
- গাইডলাইন ঠিকভাবে অনুসরণ করা হয়েছে কিনা?

⏳ সময় লাগে: ৩ দিন থেকে ১৪ দিন পর্যন্ত।

যদি Reject হয়?

প্রতিটি কাজের ভালো খারাপ উভয় দিক থাকে। দিনের সূর্য না উঠলে যেমন রাতের আধার দেখা যায় না তেমন করে আপনার কাজে বাধা না আসলে আপনি কোথায় ভুল করেছেন তা বুঝতে পারবেন না। রিজেক্ট আসলে গুগলের দেয়া কারণ পড়ে বুঝুন কোথায় ভুল হয়েছে আপনার।

সাধারণত সমস্যা হয়:

- Low content
- AI content without editing
- Navigation issues
- Copyrighted images/content
- No Privacy Policy

১। Low content

এডসেন্স এর প্রায়ই এই রিজেকশন আসে তবে এর সমাধান ও রয়েছে। আপনার ব্লগে পাবলিশ করা কন্টেন্ট গুলোতে আরো ইনফো কিভাবে এড করা যায় তা লক্ষ করুণ। পরিচিত কিছু সাইট থেকে ইন্টারনাল লিংক করুন এবং কিছু অথরেটি সম্পন্ন সাইট এর রেফারেন্স ব্যাবহার করুন।

২। AI content without editing

আমি আগেই বলেছি যেহুতু আমরা টুলস দিয়ে কন্টেন্ট লিখব তাই অব্যশই চেষ্টা করবো আমাদের কন্টেন্ট ও হিউম্যান টাচ দিতে যাতে করে গুগোল ডিটেক্ট না করে যে আমার দেওয়া কন্টেন্ট এ আই। আমি আগেও বলেছি নিজের মধ্যে দিদ্বা রাখবেন না যে এই আই কন্টেন্ট আমি তো এপ্রোভাল পাবো না। যেখানে ৫৭% ব্লগ কন্টেন্ট এ,আই দিয়ে বানানো সেইখানে আপনি ভয় পাওয়ার কিছু নেই।

৩। Navigation issues

এডসেন্স রিজেকশন এর অন্যতম কারণ Navigation issues কেননা গুগোল আপনার ওয়েবসাইট চেক করবে একটি রবোট দিয়ে যার ফলে যদি রবোট আপনার ওয়েবসাইট এসে গুরুত্বপূর্ণ পেইজগুলোতে না যেতে পারে তাহলে সে আপনাকে রিজেকশন দিবে যার জন্য অবশ্যই (Home, About, Contact Us, Privacy Policy) এই পেইজগুলো হোমপেইজ এ রাখুন। একটি সাইট-বার ব্যাবহার করুন যেখানে আপনার অথর এর ডিটেইলস থাকবে। মূল কথা এমনভাবে হোমপেইজ সাজান যাতে গুগোল রবোট সহজেই বুঝতে পারে আপনি কি নিয়ে ব্লগ করছেন এবং কোথায় কি আছে।

৪। Copyrighted images/content

আপনার ব্লগে অন্য কারো পাব্লিশ করা ছবি বা কন্টেন্ট যদি ব্যাবহার করে থাকেন তাহলে তা রিমুভ করুন। অবশ্যই নিজের বানানো ছবি ব্যাবহার করুন । স্পিন করা কন্টেন্ট ব্লগে ব্যাবহার করবেন না।

৫। No Privacy Policy
প্রাইভেসি পলেসি পেইজ ক্রিয়েট করুন এবং আপনার হোমপেইজ এ তা দৃশ্যমান রাখুন। আপনারা ফ্রি তে কোথা থেকে প্রাইভেসি পেইজ ক্রিয়েট করতে পারেন এই ওয়েবসাইট থেকে।
(https://www.privacypolicygenerator.info/)

আশা করি আপনারা যদি সব গুলো বিষয় সঠিকভাবে খেয়াল করেন এবংন ভুলগুলো ঠিক করে **২ সপ্তাহ পরে আবার আবেদন করুন ইনশাআল্লাহ আপ্রোভাল পাবেন।**

২। এমাজন অ্যাফিলিয়েটঃ

Amazon Affiliate (মূল নাম: Amazon Associates) হচ্ছে এমন একটা সিস্টেম যেখানে আপনি এমাজনের পণ্য প্রমোট করে কমিশন পান।

চলুন সহজভাবে বোঝাই —

এমাজন অ্যাফিলিয়েট কি?

আপনি যদি কারো এমাজনের কোনো পণ্যের লিংক শেয়ার করেন, আর সে যদি ঐ লিংক ক্লিক করে পণ্যটা কিনে, তাহলে আপনি কিছু টাকা পাবেন কমিশন হিসেবে।

এটাই হলো Amazon Affiliate Marketing।
আমার দেখানো আর্নিং এর ছবিগুলোতে আপনারা দেখেছেন আমি কিভাবে এমাজন অ্যাফিলিয়েট এর মাধ্যমে মাসে ১ লক্ষ টাকা ইনকাম করে যাচ্ছি।

কিভাবে শুরু করবেন?

এমাজন অ্যাফিলিয়েট শুরু করতে আপনার নিজের কোনো পণ্য লাগবে না শুধু এমাজনের প্রোডাক্টের বিশেষ লিংক (Affiliate Link) শেয়ার করতে হয়। কেউ যদি সেই লিংক দিয়ে কিছু কিনে, আপনি তার থেকে কমিশন পান।

চলুন সমপূর্ণ কাজটি কিভাবে করতে হবে দেখে নেই।

ধাপ ১: একটা ওয়েবসাইট / ব্লগ তৈরি করুন

- এমাজন অ্যাফিলিয়েট শুরু করতে আপনার প্রথমেই প্রয়োজন একটি ব্লগ ওয়েবাসাইট যার মাধ্যমে আপনি আপনার এমাজন অ্যাফিলিয়েট জার্নি স্টার্ট করতে পারবেন।
- যদিও নানান ধরনের সোস্যাল মিডিয়ার মাধ্যমেও এমাজন অ্যাফিলিয়েটকরা যায় তবে আমরা যেহুতু ব্লগ নিয়ে কথা বলক্সহি আমরা ব্লগ নিয়ে কিভাবে প্রপারলি একটা ভালো এমাউন্ট নিয়ে আসা যায় তাই চিন্তা করবো।
- নিজের পছন্দের একটি নিস (যেমন: ঘরের জিনিস, ইলেকট্রনিক্স, ফ্যাশন) বেছে নিন।

ধাপ ২: Amazon Associates-এ সাইন আপ করুন

- যান 👉 https://affiliate-program.amazon.com
- “Sign Up” করুন
- আপনার ওয়েবসাইট লিংক দিন
- পেমেন্ট তথ্য ও ট্যাক্স ইনফো দিন

ধাপ ৩: অ্যাফিলিয়েট লিংক তৈরি করুন

- Amazon এ যান, যেকোনো প্রোডাক্টে ক্লিক করুন
- Amazon SiteStripe ব্যবহার করে "Get Link" দিন
- এই লিংক আপনার ওয়েবসাইট বা ব্লগ কন্টেন্ট এ ব্যাবহার করুন।

ধাপ ৪: কনটেন্ট তৈরি করুন

ধরুন আপনার ব্লগটি কফি মেকার রিলেটেড। এখন আপনি চাচ্ছেন এমাজন অ্যাফিলিয়েট করতে তাহলে আপনাকে কফি ব্লেন্ডার নিয়ে একটি রিভিও কন্টেন্ট লিখতে হবে মানুষকে জানাতে হবে কফি ব্লেন্ডার এর সুবিধা অসুবিধা এবং এই প্রডাক্ট রিলেটেড যতো ইনফো আপনি পারে আপনার কন্টেন্ট এ আপনি অ্যাড করবেন। তারপর এমাজন থেকে আপনার অ্যাফিলিয়েট প্রোডাক্ট লিংক আপনার ব্লগে বসাবেন এবং কেউ যদি আপনার ব্লগ পড়ে সেই লিংক ক্লিক করে সেই প্রোডাক্ট কিনে তাহলে আপনি এমাজন থেকে কমিশন পাবেন।

যেমনঃ

- টপ ১০ প্রোডাক্টের লিস্ট বানান (যেমন: “Best Headphones Under $1000”)
- সমস্যা ও সমাধান ভিত্তিক আর্টিকেল লিখুন (যেমন: “Best Coffee maker for home ”)

আমি আপনাদের আগেই বলেছি কিভাবে একটি টুলস আপনার কন্টেন্ট এর সকল সমস্যা সমাধান করে দিতে পারে। আপনারা Affpilot- Ai Writing Tools ব্যাবহার করেই এই রিভিউ আর্টিকেল সহজেই লিখে নিতে পারেবেন।

ধাপ ৫: ভিজিটর আনুন

- গুগলে র‍্যাংক করার জন্য SEO করুন। আপনি ইত্যিমধ্যে জানেন আপনার কন্টেন্ট র‍্যাংক করানোর জন্য আপনার কি কি কাজ করতে হবে।

- ফেসবুক, পিন্টারেস্ট বা ইউটিউব থেকে ট্রাফিক আনুন আপনার ব্লগে। আপনার কন্টেন্টী সোস্যাল মিডিয়াতে ছড়িয়ে দিন যাতে আপনার সোস্যাল মিডিয়া থেকে ভিজিটর আসে।

ধাপ ৬: বিক্রি হলে কমিশন পাবেন

- কেউ যদি আপনার লিংকে ক্লিক করে ২৪ ঘণ্টার মধ্যে কিছু কিনে ফেলে, আপনি কমিশন পাবেন।
- কমিশনের পরিমাণ ১% থেকে ১০% পর্যন্ত হতে পারে প্রোডাক্টের ধরন অনুযায়ী।

আসুন দেখি এমাজন অ্যাফিলিয়েট থেকে কেমন আর্নিং সম্ভব।



ছবিটিতে আপনারা দেখতে পাচ্ছেন যে “best coffee machine for home” এই কিওয়ার্ড এর সার্চ ভলিউম প্রায় ১০ হাজার টুলস এর মতে যদিও এর সার্চ ভলিউম আরো অনেক বেশি। তবুও যদি আমরা ধরে নেই মান্থলি ১০ হাজার মানুষ “best coffee machine for home” লিখে সার্চ করে।

একটু খেয়াল করে দেখবেন আপনি যখন “best coffee machine for home” লিখে সার্চ করবেন তখন আপনার ইন্টেনশন টা আসলে কি?
আপনি যদি কফি মেশিন সম্পর্কে জানতে চাইতেন তাহলে গুগলে কি লিখে সার্চ করতেন?

আপনি নিশ্চই সার্চ করতেন “what is coffee machines” কিন্তু যখন আপনি সার্চ করলেন “best coffee machine for home” তার মানে হচ্ছে আপনি জানেন কফি মেশিন কি আর এখন আপনি এইটা কিনতে চাচ্ছেন তাই বেস্ট কফি মেশিনটি আপনি খুজছেন।

তাহলে যদি ১০ হাজার মানুষ মান্থলি কিনার জন্য সার্চ করে আর সেখান থেকে ১% মানুষ ও তা কিনে তাহলে সংখ্যাটা কতো দাঁড়ায়।
দশ হাজার এর ১% যদি কিনে তাহলে ১০০ মানুষ এইটা কিনছে আর আপনি যদি আপনার সাইট ১ নাম্বার পজিশনে নিয়ে যেতে পারেন তবে ১০০জন ক্রেত্রা থেকে আপনি মিনিমাম ৬০ জন ক্রেতা পাচ্ছেন।
এখন একটা কফি মেশিন এর জন্য আপনি কতো কমিশন পাচ্ছেন আসুন দেখে নেই।

নিচে এমাজন অ্যাফিলিয়েট এর কমিশন রেইট দেখে নিন।

Product Category	Fixed Commission Income Rates
Amazon Games	20.00%
Luxury Beauty, Luxury Stores Beauty, Amazon Explore	10.00%
Digital Music, Physical Music, Handmade, Digital Videos	5.00%
Physical Books, Kitchen, Automotive	4.50%
Amazon Fire Tablet Devices, Amazon Kindle Devices, Amazon Fashion Women's, Men's & Kids Private Label, Luxury Stores Fashion, Apparel, Amazon Cloud Cam Devices, Fire TV Edition Smart TVs, Amazon Fire TV Devices, Amazon Echo Devices, Ring Devices, Watches, Jewelry, Luggage, Shoes, and Handbags & Accessories	4.00%
Toys, Furniture, Home, Home Improvement, Lawn & Garden, Pets Products, Headphones, Beauty, Musical Instruments, Business & Industrial Supplies, Outdoors, Tools, Sports, Baby Products, Amazon Coins	3.00%
PC, PC Components, DVD & Blu-Ray	2.50%
Televisions, Digital Video Games	2.00%
Amazon Fresh, Physical Video Games & Video Game Consoles, Grocery, Health & Personal Care	1.00%
Gift Cards; Wireless Service Plans; Alcoholic Beverages; Digital Kindle Products purchased as a subscription; Food prepared and delivered from a restaurant; Amazon Appstore, Prime Now, or Amazon Pay Places	0.00%
All Other Categories	4.00%

তাহলে আমরা দেখতে পাচ্ছি এমাজন একটি কফি মেশিন এর বিক্রির জন্য আমাদের ৩% কমিশন দিবে। তাহলে আমাদের জানা উচিত কফি মেশিন এর দাম কতো ? নিচে দেখে নিন একটি কফি মেশিন এর দাম



তাহলে একটি কফি মেশিন যদি ৫৫০ ডলার হয় তবে আমরা পাই প্রতিটি কমিশনে ১৬ ডলার ৫০ সেন্ট। যদি আমরা ৬০টা সেল পাই তবে ৯৯০ ডলার আসে শুধু মাত্র এই কফি মেশিন এর কন্টেন্ট এর মাধ্যমে।

একটু মন দিয়ে ভাবুন আপনি এমন কতোগুলো প্রডাক্ট এর রিভিও কন্টেন্ট দিতে পারেন এবং কেমন ইনকাম জেনারেট করতে পারেন এমাজন অ্যাফিলিয়েট থেকে।

আশা করি আপনারা এমাজন অ্যাফিলিয়েট কি কিভাবে করে সকল বিষয়েই একটি ভালো ধারণা পেয়েছেন।

৩। সার্ভিস সেলস (মনিটাইজ)

সার্ভিস সেলস মনিটাইজ অপশন খুব কম মানুষ ব্যাবহার করে কেননা আমরা সবাই ইন্টারন্যাশানাল ভিজিটর নিয়ে কাজ করে থাকি যার জন্য বাংলাদেশীরা সার্ভিস সেলস মনিটাইজেশন অপশন খুব কম ব্যাবহার করা হয়। তবে আমি এই মনিটাইজকে গুরুত্ব দেই কেননা আমি সরাসরি সেলস এবং ইনকাম জেনারেট করতে পারছি। এই মনিটাইজেশন এর মাধ্যমে আমাকে কারো উপর নির্ভর হতে হচ্ছে না।

আসুন একটু ডিটেইলস কথা বলি,
ধরুণ আপনি কফি মেশিন ট্যাকনিশিয়ান আপনার একটি ব্লগ আছে যেখানে আপনি কফি মেশিন এর ব্যাসিক বিষয় গুলো শেয়ার করেন সেখানে আপনি একটি কন্টেন্ট দিলেন “coffee machine repair” এই কিওয়ার্ড কে টার্গেট করে এবং প্রপার এসিও করার ফলে আপনি গুগলের প্রথম পাতায় র‍্যাংক পেলেন এতে করে কি হচ্ছে আপনি আপনার সার্ভিস সেল করতে পারছেন আপনার ব্লগ এর মাধ্যমে। সরাসরি আপনার কাস্টমার আপনার থেকে তার কফি মেশিন ঠিক করে নিচ্ছে বিনিময়ে আপনাকে সার্ভিস চার্জ দিচ্ছে। এই জন্যই আমি সার্ভিস মনিটাইজেশন কে এখানে তুলে ধরেছি।

আশা করি আপনারা কি কি উপায়ে আপনাদের ব্লগ মনিটাইজেশন করে ইনকাম জেনারেট করতে পারবেন তা জানতে পেরেছেন এবং একটী ভালো ধারণা পেয়েছেন।

আপনি যেই অপশনি বেছে নিন না কেন অব্যশই আপনাকে প্রযাপ্ত সময় নিয়ে কাজ করতে হবে এবং হাল ছাড়া যাবে না এই মেন্টালিটি নিয়েই কাজ করতে হবে।

ব্লগ ফ্লিপিং বা ওয়েবসাইট ফ্লিপিং মানে হলো একটি ওয়েবসাইট বানিয়ে সেটিকে ভিজিটর ও ইনকাম সহ ডেভেলপ করে পরে সেটা উচ্চ মূল্যে বিক্রি করা।

“ধরুন আপনি একটা Amazon affiliate ব্লগ তৈরি করলেন। প্রতি মাসে ৩০০ ডলার ইনকাম হচ্ছে। এখন আপনি চাইলে এটা ২০-৩০ গুণ দামে বিক্রি করতে পারেন, অর্থাৎ ৬,০০০ – ৯,০০০ ডলারেও বিক্রি সম্ভব।

একটি ব্লগ সর্বাচ্চে ৩৫ থেকে ৪০ গুন বেশি দামে সেল করা সম্ভব হয়।

কোথায় ফ্লিপ করবো?

১. Flippa.com

- সবচেয়ে জনপ্রিয় ওয়েবসাইট ফ্লিপিং মার্কেটপ্লেস
- নতুন বা ছোট ইনকাম করা সাইটও বিক্রি করা যায়
- **ফিচার:**
  - সাইট ইনকাম, ভিজিটর, ট্রাফিক দেখিয়ে লিস্টিং করা যায়
  - অটো ভ্যালুয়েশন টুল আছে
  - অনেক বেশি বায়ার

২. MotionInvest.com

- ছোট-মাঝারি ব্লগ বা অ্যাফিলিয়েট সাইটের জন্য ভালো
- ইনকাম না থাকলেও ভিজিটর থাকলে বিক্রি করা যায়

৩। Flippium.com

- বাংলাদেশভিত্তিক ওয়েবসাইট ফ্লিপিং মার্কেটপ্লেস
- লোকাল মার্কেটের জন্য সহজে সাইট কেনা-বেচা করার সুযোগ
- **ফিচার:**
    - নতুন উদ্যোক্তা ও ডেভেলপারদের জন্য উপযোগী

দেশীয় লেনদেন ব্যবস্থা সহজ

এক্সট্রা স্টেপ

গুগোল আপডেট

গুগোল আপডেট (Google Algorithm Update) নিয়ে সঠিক ধারণা না থাকলে ওয়েবসাইট র‍্যাঙ্কিং হুট করে কমে যেতে পারে। তাই নিচে সহজ ভাষায় বিস্তারিত আলোচনা করছি।

গুগোল আপডেট কী?

গুগোল নিয়মিত তার সার্চ অ্যালগরিদম পরিবর্তন করে যাতে ইউজাররা ভালো মানের কনটেন্ট পায়। এই পরিবর্তনগুলোই Google Algorithm Update নামে পরিচিত।

গুগোল কেমন আপডেট দেয়?

১. Core Update (মূল আপডেট)

- বছরে ২-৩ বার হয়।
- সার্চ র‍্যাঙ্কিংয়ে বড় পরিবর্তন আনে।
- মানহীন কনটেন্ট, AI-spammy কনটেন্ট, ফেক তথ্য – এসবকে নিচে নামায়।

২. Helpful Content Update

- Unedited AI জেনারেটেড বা কেবল র‍্যাঙ্কিং-এর জন্য লেখা বাদ দেয়।
- ইউজারকে আসলেই হেল্প করে এমন কনটেন্টকে প্রাধান্য দেয়।

৩. Spam Update

- স্প্যাম কনটেন্ট, লিঙ্ক ফার্ম, হ্যাকড সাইট ধরা পড়ে।
- অটোমেটেড কনটেন্ট বা "clickbait" শিরোনাম penalize হয়।

৪. Product Review Update

- রিভিউ কনটেন্টে যদি আসল অভিজ্ঞতা না থাকে বা কপি হয়, তখন সেটাকে নিচে নামায়।
- যারা আসল রিভিউ দেয়, তাদেরকে উপরে আনা হয়।

৫. Page Experience Update

- ওয়েবসাইট কতটা দ্রুত লোড হয়, মোবাইল ফ্রেন্ডলি কি না – এসব দেখে র‍্যাঙ্কিং করে।
- Core Web Vitals এখানে গুরুত্বপূর্ণ।

আপডেটের জন্য কী করা উচিত?

১. ইউজারকে হেল্প করে এমন কনটেন্ট লিখুন

- শুধু SEO-এর জন্য না, রিডারকে আসলেই হেল্প করে এমন কনটেন্ট।
- প্রশ্নের উত্তর দিন, অভিজ্ঞতা শেয়ার করুন, বাস্তব উদাহরণ দিন।

২. AI কনটেন্ট দিলে হিউম্যান টাচ দিন

- সরাসরি কপি না করে নিজে কিছু লিখুন, অভিজ্ঞতা যোগ করুন।
- ফরম্যাট করুন, ছবি-ভিডিও ব্যবহার করুন।

৩. কোয়ালিটিফুল লিংক বিল্ডিং করুন

- স্প্যামি সাইটে লিঙ্ক না। বরং রিলেভেন্ট ব্লগ, গেস্ট পোস্ট, প্রোফাইল লিঙ্ক ব্যবহার করুন।

৪. ওয়েবসাইট ফাস্ট, মোবাইল ফ্রেন্ডলি করুন

- PageSpeed Insights বা GTmetrix দিয়ে চেক করুন।
- মোবাইল রেস্পনসিভ থিম ব্যবহার করুন।

৫. রেগুলার আপডেট করুন

- পুরোনো কনটেন্ট আপডেট করুন।
- ভুল তথ্য ঠিক করুন।

নতুন তথ্য যোগ করুন।

যদি র‍্যাঙ্ক কমে যায়?

- ভয় পাবেন না। গুগোল বলে: "Improve your site; we reward quality."
- কনটেন্ট রিভিউ করুন, ইউজার কি খুঁজছে সেটা দিন।
- ধৈর্য ধরুন, ফল আসতে ২-৬ সপ্তাহ লাগতে পারে।

শেষ কথা:

গুগোল আপডেট মানেই ধ্বংস না, বরং এটা সুযোগ, যারা ভালো কাজ করে তাদের সামনে এগিয়ে যাওয়ার।

আমি চেষ্টা করেছি একটা ব্লগ ওয়েবসাইট শুরু থেকে শেষ প্রযন্ত কিভাবে কি করবেন তা আপনাদের দেখাতে। হয়তো সব বিষয়ে সম্পূর্ণ ধারণা দিতে পারি নি। কেন পারিনি যদি জিজ্ঞেস করেন তাহলে বলবো সব কিছু বুঝানো যায় না কিছু বিষয় নিজে করে বুঝতে হয়। তাই কিছু বিষয়ে শুধু আংশিক ধারণা আপনাদের দিয়েছি।

কিছু কথাঃ অনলাইনে সাকসেস রেইট আমাদের দেশে খুবই কম তার অন্যতম কারন আমরা শুনি, দেখি, জানি বুঝিও তবে কাজ করি না।
আপনি একটা বিষয়ে শুনলেন, সেই বিষয়টা দেখলেন এবং বুঝলেন ও তবে আপনি যদি একশন না নেন তাহলে আপনি শুনলেন দেখলেন বুঝলেন এই পুরুটা সময়টা নষ্ট করলেন আপনার জীবন থেকে। তাই অনুরোধ থাকবে একশ্যান নিন। আমি কথা দিচ্ছি আপনার এই পথ চলায় আপনি সর্বদা আমাকে পাশে পাবেন।